এইসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

অর্থনীতি- দ্বিতীয় পত্র | বিষয় কোড : ১ ১ ০

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶ দেয়া আছে, $C = 100 + 0.5Y$, $I = 100$

এখানে, S = সঞ্চয়, I = বিনিয়োগ, Y = জাতীয় আয়

ক. নিট জাতীয় আয় কী? ১

খ. দীর্ঘকালীন ভোগ রেখা কেন মূলবিন্দু থেকে উঠে? ২

গ. উপরের সমীকরণ ব্যবহার করে S = I এর সমতা সাপেক্ষে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. বিনিয়োগের পরিমাণ ২০০ হলে ভারসাম্য জাতীয় আয়ে কী ধরনের পরিবর্তন হবে? ব্যাখ্যা কর। ৪

২. ▶ 'X' দেশের মুদ্রা বাজার সম্পর্কিত তথ্যসমূহ নিম্নরূপ:

মোট বিহিত অর্থের পরিমাণ = ২০০ কোটি টাকা, অর্থের প্রচলন গতি = ২০, ব্যাংক অর্থের পরিমাণ = ১০০ কোটি টাকা, ব্যাংক অর্থের প্রচলন গতি = ১০, লেনদেনের পরিমাণ = ১০০

ক. 'আমানত' কী? ১

খ. 'গুণগত ঋণ নিয়ন্ত্রণ' দ্বারা সামগ্রিক ঋণ নিয়ন্ত্রণ সম্ভব হয় না— বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের আলোকে দামস্তর (P) নির্ণয় কর। ৩

ঘ. উভয় অর্থের যোগান দ্বিগুণ করা হলে অর্থমূল্যের উপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৩. ▶ 'X' ও 'Y' দুটি দেশ। 'X' দেশটি 'Y' দেশ হতে দীর্ঘ ২৪ বছরের শোষণ, বঞ্চনার প্রেক্ষিতে বহু সংগ্রাম, ত্যাগের বিনিময়ে স্বাধীনতা লাভ করেছে। বর্তমানে দেশটি কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, দারিদ্র্য বিমোচন, খাদ্য নিরাপত্তা প্রতিটি সূচকে এখন সে 'Y' দেশকে অতিক্রম করেছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ, জীবনযাত্রার মান প্রভৃতি ক্ষেত্রে দ্রুত অগ্রগতি সাধিত হচ্ছে। আশা করি, খুব দ্রুত 'X' দেশটি মধ্যম আয়ের দেশে পরিণত হবে।

ক. প্রাকৃতিক পরিবেশ বলতে কী বুঝ? ১

খ. মুসলিম যুগ কী কী কারণে বিখ্যাত ছিল? ২

গ. বাংলাদেশের অর্থনীতির গতিধারার সাথে উদ্দীপকের কোন দেশটির অর্থনীতির মিল খুঁজে পাও? চিহ্নিত কর। ৩

ঘ. বাংলাদেশের ঐতিহাসিক পটভূমির সাথে উদ্দীপকের 'X' ও 'Y' দেশের ঐতিহাসিক পটভূমির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৪. ▶ বাংলাদেশ সরকার কৃষকদের মাঝে কৃষি ও পল্লি ঋণ পর্যাপ্ত পরিমাণে বিতরণের কারণে খাদ্যশস্য উৎপাদন অনেক বৃদ্ধি পেয়েছে। যেমন — শস্য ও শাকসবজি এবং প্রাণিসম্পদ খাতের উৎপাদন দেখানো হল: (কোটি টাকায়)

	২০০৭-০৮	২০০৮-০৯	২০১৪-১৫
GDP- শস্য ও শাকসবজি	৫৬৪৯৪	৫৮০৯৪	৭০২০০
GDP- প্রাণিসম্পদ	১১৩৫৩	১১৬২০	১৩৬৬৭

এছাড়া, শস্যবহুমুখীকরণ, সেচ ব্যবস্থা সম্প্রসারণ, মৎস্য চাষ, গবাদিপশু, হাঁস-মুরগি প্রতিপালন, বন-নার্সারি স্থাপনসহ বিভিন্ন কর্মসূচি নেয়া হয়েছে।

http://teachingbd.com

এর ফলে, কর্মসংস্থান বৃদ্ধি, দারিদ্র্যের হার হ্রাস, কৃষকদের মাথাপিছু আয় ও জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে।

ক. কৃষি জোত কী? ১

খ. বাণিজ্যিক খামার ও জীবননির্বাহী খামার দুটি ভিন্ন অর্থ নির্দেশ করে— বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের আলোকে GDP- তে শস্য ও শাকসবজি খাতের অবদানের স্তম্ভচিত্র অংকন করো। ৩

ঘ. উদ্দীপকে গৃহীত পদক্ষেপসমূহ বাংলাদেশের দারিদ্র্য বিমোচন ও খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জনে কতটুকু সফল হবে বলে তুমি মনে কর? ৪

৫. ▶ শিল্পনীতি-২০১০ এর আলোকে জনাব 'X' একটি ম্যানুফ্যাকচারিং শিল্প 'A' জনাব 'Y' একটি সেবামূলক শিল্প 'B' স্থাপন করে বেশ সফলতা পেয়েছে। 'A' শিল্পে শ্রমিকের সংখ্যা ২৬০ জন হলে 'B' শিল্পের সংখ্যা ২৪ জন ও 'B' শিল্পে মূলধন বিনিয়োগ করেছে ১ কোটি টাকা।

ক. PPP কী? ১

খ. দেশীয় শিল্পের সংরক্ষণে আমদানি বিকল্প শিল্প কীভাবে ভূমিকা রাখে? ২

গ. বর্তমানে বাংলাদেশে নারী উদ্যোগে গঠিত শিল্পের সাথে 'B' শিল্পের সম্পর্ক কীরূপ বলে মনে কর? ব্যাখ্যা দাও। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে 'A' শিল্পের গুরুত্ব আলোচনা করো। ৪

৬. ▶ মি. স্বপন তার বন্ধু জাহাঙ্গীরকে বলে, আমাদের জেলার আয়তন ১৮২০ বর্গকিলোমিটার এবং বর্তমানে মোট জনসংখ্যা ২৪ লক্ষ ৭০ হাজার। জনসংখ্যা বৃদ্ধির বর্তমান ধারা অব্যাহত থাকলে ২০৪২ সালে জনসংখ্যা দাঁড়াবে প্রায় ১ কোটি। তখন এখানে বসবাস করার কোন পরিবেশ থাকবে না। ১৯৯২ সালে এখানে জনসংখ্যা ছিল ১২ লক্ষের কাছাকাছি।

ক. স্থূল জন্মহার কী? ১

খ. জলবায়ু দ্বারা জনসখ্যা কীভাবে প্রভাবিত হয়? ২

গ. মি. স্বপনের জেলার জনসংখ্যার ঘনত্ব নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে জনসংখ্যা বৃদ্ধি যে তত্ত্বটির ইঙ্গিত করা হয়েছে, সে তত্ত্বটির কী কী ত্রুটি ছিল বলে মনে কর? ৪

৭. ▶ সীমিত আয়ের মানুষ নজরুল ইসলামের পরিবারে মাসে ৩০ কেজি চাল, ১০ কেজি আলু, ৩ লিটার সয়াবিন তেল এবং ১ কেজি লবণ প্রয়োজন হয়। ২০০৬ সালে এসব দ্রব্যের দাম যথাক্রমে কেজি/লিটার ৩০, ১০, ৭০ ও ২০ টাকা ছিল। কিন্তু ২০১৬ সালে তা বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫৫, ২৫, ১১০ ও ৩৫ টাকা হয়েছিল। এতে নজরুল সাহেব মাসিক ব্যয় নির্বাহে হিমশিম খেলেও ভূ-স্বামী, ফড়িয়া, গ্রাম্য মহাজন রমজান সওদাগরের ভোগ অভ্যাস এর কোনো পরিবর্তন হয় নাই।

ক. সূচক সংখ্যা কাকে বলে? ১

খ. মুদ্রাস্ফীতি অর্থনীতির জন্য কখন আশীর্বাদ হিসেবে বিবেচিত হয়? ২

গ. উদ্দীপক হতে ২০১৬ সালের মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩

ঘ. ২০১৬ সালে নজরুল সাহেবের ভোগ অভ্যাস পূর্বের অনুরূপ রাখার জন্য কী কী পদক্ষেপ গ্রহণের সুপারিশ করবে? ৪

http://teachingbd.com

৮. ▶ বাংলাদেশে কখনো কম্পিউটার, ভারী মূলধন দ্রব্য, মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং এর যাবতীয় শিক্ষাসামগ্রী, জৈব প্রযুক্তি, পারমাণবিক, মহাকাশ ও গভীর সমুদ্রে সম্পদ আহরণের কোন প্রযুক্তিগত জ্ঞান আহরণ কৌশল বা উৎপাদনে দক্ষতা কোনটাই ছিল না। কিন্তু এখন অনেক সাফল্য অর্জিত হচ্ছে এসব ক্ষেত্রে। পৃথিবীর যে কোনো প্রান্তে যে মুহূর্তে নতুন কোনো উদ্ভাবন হচ্ছে তা এখন মুহূর্তেই বাংলাদেশের যুবকেরা জেনে যাচ্ছে। বাংলাদেশী পণ্য ও মানবসম্পদ পৃথিবীর বিভিন্ন দেশসমূহ এখন আগ্রহের সহিত পছন্দ করছে। সত্যি এ বাংলাদেশ এখন 'অন্য এক বাংলাদেশ, ধাবমান বাংলাদেশ' সময় এখন বাংলাদেশের।

ক. অপ্রচলিত রপ্তানি দ্রব্য কী? ১
খ. অভ্যন্তরীণ বাণিজ্যে কেন পৃথক বাণিজ্যনীতির প্রয়োজন হয় না? ২
গ. উদ্দীপকে আন্তর্জাতিক বাণিজ্যের কী গুরুত্ব ব্যাখ্যা করা হয়েছে? ৩
ঘ. বাংলাদেশের যুবকদের উপর বিশ্বায়নের প্রভাব উদ্দীপকে কীরূপ ইঙ্গিত প্রদান করেছে বলে মনে কর? ৪

৯. ▶ বাংলাদেশ সরকার ক্রমাগত প্রতি বছর উন্নয়ন বাজেট বৃদ্ধি করে চলছে। এ জন্য অভ্যন্তরীণ সম্পদ আহরণের উপর জোর দিতে গিয়ে আয়কর ও মূল্য সংযোজন করের উপর অধিক গুরুত্ব দিয়েছে। এর পরও বাজেট ঘাটতি মেটানোর জন্য কেন্দ্রীয় ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক, বিদেশি সরকার ও উন্নয়ন সংস্থা হতে সহজ ও কঠিন শর্তে ঋণ গ্রহণ করছে।

ক. ফি কী? ১
খ. 'নিষ্ক্রিয় ঋণ' এর তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকে সরকারি আয়ের খাতগুলো চিহ্নিত করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত খাতসমূহের মধ্যে কোনটি কীভাবে অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলতে পারে বলে মনে কর? ৪

১০. ▶ ২০১৬-১৭ সালে সরকারের ঘোষিত বাজেট সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার ঘোষিত বাজেট এর অন্তর্ভুক্ত। এ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার উন্নয়নের লক্ষমাত্রা পূরণ হতে সহায়তা করবে। আবার উক্ত পঞ্চ-বার্ষিক পরিকল্পনা প্রেক্ষিত পরিকল্পনার অন্তর্ভুক্ত। এ প্রেক্ষিত পরিকল্পনা বাস্তবায়িত হলে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হবে।

ক. বিকেন্দ্রীয় পরিকল্পনা কাকে বলে? ১
খ. বর্তমানে বেশির ভাগ দেশসমূহে প্ররোচিত পরিকল্পনা'ই গ্রহণ করা হয়— বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিকল্পনাসমূহের শ্রেণিবিভাগ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পঞ্চ-বার্ষিক পরিকল্পনার পূর্ববর্তী পঞ্চ-বার্ষিক পরিকল্পনার আয়তন ও অর্জন সম্পর্কে যা জান তা আলোচনা করো। ৪

১১. ▶ C + I

ক. GDP কাকে বলে? ১
খ. GNP ও GDP কখন পরস্পর সমতাপ্রাপ্ত হয়? ২
গ. উল্লিখিত সমীকরণটিকে 'বন্ধ অর্থনীতির' পূর্ণাঙ্গ সমীকরণে রূপান্তর কর। ৩
ঘ. কর্মসংস্থান বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়নে উল্লিখিত সমীকরণে কেইনসের যুক্তিকে তুমি কি সমর্থন কর? বুঝিয়ে লিখ। ৪

http://teachingbd.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বদ্ধ অর্থনীতিতে সর্বোচ্চ কয়টি খাত থাকে?
ক এক খ দুই
গ তিন ঘ চার

২. ফিসারের বিনিময় সমীকরণে 'PT' দ্বারা কী বোঝানো হয়েছে?
ক মুদ্রার যোগান খ মুদ্রার চাহিদা
গ দামস্তর ঘ লেনদেনের পরিমাণ

৩. এ অঞ্চলে প্রথম মুদ্রার প্রচলন হয় কত সালে?
ক ১৭৫৭ খ ১৫৮২
গ ১৩০১ ঘ ১২০০

৪. নিম্নের কোনটি বাংলাদেশের অর্থনৈতিক অবকাঠামোর উপাদান?
ক পানি সরবরাহ খ বাসস্থান
গ জনস্বাস্থ্য ঘ দক্ষতা

৫. জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় কোন কাজটি করা অধিক জরুরি?
ক নার্সারি স্থাপন খ বনায়ন
গ মাশরুম চাষাবাদ ঘ কৃষি ঋণ বিতরণ

৬. শিল্পনীতি-২০১০ এর আলোকে, প্রতিষ্ঠানের জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকার নিচের শিল্পকে কী বলে?
ক মাইক্রো শিল্প খ ক্ষুদ্র শিল্প
গ অগ্রাধিকার শিল্প ঘ কুটির শিল্প

৭. $\frac{\text{মোট জীবিত জনসংখ্যা}}{\text{নির্দিষ্ট বছরের মধ্য সময়ের মোট জনসংখ্যা}} \times 1000$ দ্বারা কী নির্দেশ করে?
ক জনসংখ্যা বৃদ্ধির হার (PGR)
খ স্বাভাবিক বৃদ্ধির হার (NGR)
গ স্থূল জন্মহার (CBR)
ঘ জনসংখ্যার ঘনত্ব (DP)

৮. পূর্ণ নিয়োগের পূর্বে কাঁচামালের অভাব এবং পরিবহনজনিত অসুবিধায় যে মুদ্রাস্ফীতি দেখা দেয়, তাকে কী বলে?
ক প্রকৃত মুদ্রাস্ফীতি
খ বাধাজনিত মুদ্রাস্ফীতি
গ অবদমিত মুদ্রাস্ফীতি
ঘ অপ্রত্যাশিত মুদ্রাস্ফীতি

৯. অপ্রচলিত রপ্তানি দ্রব্য কোনটি?
ক কাগজ খ ন্যাপথা
গ বিটুমিন ঘ সার

১০. পণ্য করের সুবিধা কোনটি নয়?
ক জনপ্রিয়তা খ প্রগতিশীলতা
গ সর্বজনীনতা ঘ স্থিতিস্থাপকতা

১১. মধ্যমেয়াদি পরিকল্পনায় কত বছর সময় বিবেচনা করা হয়?
ক ২ খ ৩
গ ৫ ঘ ১০

১২. প্রান্তিক ভোগ প্রবণতা বৃদ্ধির ফলে—
i. ভোগ বাড়বে
ii. মূলধন গঠনের হার বাড়বে
iii. বিনিয়োগের হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. কেন্দ্রীয় ব্যাংকের গুণগত ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি —
i. ঋণের রেশনিং
ii. ভোগকারীর ঋণ নিয়ন্ত্রণ
iii. প্রত্যক্ষ আদেশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচির উদ্দেশ্যসমূহ হলো—
i. কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন
ii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
iii. জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. সরকারি ঋণ হলো—
i. সক্রিয় ঋণ ii. নিষ্ক্রিয় ঋণ
iii. মৃতভার ঋণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় হল—
i. ব্যাংক হার হ্রাস
ii. খোলাবাজার ঋণপত্র বিক্রয়
iii. প্রগতিশীল হারে আয়কর আদায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. জনসংখ্যা বৃদ্ধির ফলে বাংলাদেশে সংঘটিত হবে—
i. খাদ্য সমস্যা ii. পরিবেশগত বিপর্যয়
iii. সুষম উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

১৮. জীবন নির্বাহী খামারে—
i. কৃষকের জীবিকা নির্বাহে সক্ষম
ii. শ্রমবিভাগ প্রবর্তিত হয়
iii. উদ্বৃত্ত শ্রম সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. কোনটি মালিকানার ভিত্তিতে খামার?
ক বিশেষায়িত খ বহুমুখী
গ মিশ্র ঘ সমবায়

২০. ক্রান্তীয় পতনশীল ও পত্রযুক্ত বৃক্ষের বনভূমি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ক চট্টগ্রাম খ ময়মনসিংহ
গ সিলেট ঘ খুলনা

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে রাশিয়ার ইঞ্জিনিয়াররা কর্মরত। প্রতিমাসে তারা তাদের পরিবারের নিকট রাশিয়ায় টাকা পাঠায়।

২১. উক্ত ইঞ্জিনিয়ারদের আয় বাংলাদেশের—
ক GDP তে অন্তর্ভুক্ত হবে
খ GNP তে অন্তর্ভুক্ত হবে
গ NGP ও GDP তে অন্তর্ভুক্ত হবে
ঘ GDP তে অন্তর্ভুক্ত হবে না

২২. বাংলাদেশের GNI হিসাবে—
i. প্রকল্পে নিজ দেশীয় শ্রমিকদের আয় যুক্ত হবে
ii. প্রকল্পে নিয়োজিত রাশিয়ার কর্মকর্তাদের আয় বাদ যাবে
iii. দেশীয় ও বিদেশি নাগরিকদের আয় যুক্ত হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:
সমীকরণটি MV = PT এবং যদি M = 100, V = 10, T =10 হলে—

২৩. P এর মান কত?
ক 10 খ 20
গ 100 ঘ 120

২৪. অর্থের সরবরাহ (M) দ্বিগুণ হলে P এর মান—
ক কমবে খ বাড়বে
গ দ্বিগুণ হবে ঘ অপরিবর্তিত হবে

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:



২৫. 'X' কর প্রদান করেন কোনটি?
ক বিক্রয় কর খ প্রমোদ কর
গ আবগারি শুল্ক ঘ মুনাফা কর

২৬. Y যে কর দেন তার বৈশিষ্ট্য হলো—
i. নিশ্চয়তা ii. জনপ্রিয়তা
iii. সামাজিক কল্যাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
কাতালোনিয়া'র মোট জনসংখ্যা ৭৫ লক্ষ, আয়তন ৩২ হাজার বর্গকিলোমিটার। তীব্র ঘনবসতিপূর্ণ বাংলাদেশের তুলনায় অনেক সমৃদ্ধ, সম্পদশালী, উন্নত জীবনযাত্রার অধিকারী ইউরোপীয় অঞ্চল।

২৭. কাতালোনিয়ার জনসংখ্যার ঘনত্ব কত?
ক ২৩৪ খ ৩০৩
গ ৫১৩ ঘ ৫২৮

২৮. উক্ত দেশে জনসংখ্যার ঘনত্ব—
ক বেশি খ কম
গ স্বাভাবিক ঘ খুবই কম

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
খুলনার বেলাল পড়ালেখা শেষ করে স্বাধীন ব্যবসা শুরু করল। সে ১০ লক্ষ টাকা বিনিয়োগ করে একটি মধু পরিশোধন কারখানা তৈরি করল। বছর শেষে সে ৯৬ হাজার টাকা মুনাফা করল।

২৯. উদ্দীপকে উল্লিখিত কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?
ক কুটির খ মাইক্রো
গ ক্ষুদ্র ঘ মাঝারি

৩০. উদ্দীপকে উল্লিখিত শিল্পের বৈশিষ্ট্য হলো—
i. স্বল্প উৎপাদন পরিকল্পনা
ii. পণ্যের বাজার ছোট
iii. শ্রমিকের সংখ্যা ৬০ জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তর

১	গ	২	গ	৩	গ	৪	ক	৫	খ	৬	ঘ	৭	গ	৮	খ	৯	ঘ	১০	খ	১১	গ	১২	খ	১৩	ঘ	১৪	ক	১৫	ঘ
১৬	গ	১৭	ক	১৮	খ	১৯	ঘ	২০	খ	২১	ক	২২	ক	২৩	গ	২৪	গ	২৫	ঘ	২৬	ঘ	২৭	ক	২৮	গ	২৯	খ	৩০	ক

Teachingbd.com